

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
www.lgd.gov.bd

নং-৪৬.০১৮.০২৮.০০.০০.০০৬.২০১১-৬৫২


তারিখঃ ২৬-০৬-২০১৪খ্রিঃ

বিষয় : আগামী ৩ জুলাই, ২০১৪ জাতীয় জন্ম নিবন্ধন দিবস উদযাপন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় এবারও আগামী ৩ জুলাই, ২০১৪ জাতীয়ভাবে জন্ম নিবন্ধন দিবস পালিত হবে। “জন্ম একবার, নিবন্ধনও একবার” বিষয়টিকে মূল প্রতিপাদ্য করে এবছর দেশব্যাপী দিবসটি প্রতিপালিত হবে।

২। ঢাকা ব্যতীত সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ ও ক্যান্টনমেন্ট বোর্ডসমূহকে জন্ম ও মৃত্যু নিবন্ধন শীর্ষক তহবিল থেকে খরচের মাধ্যমে আসন্ন জন্ম নিবন্ধন দিবস পালনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন ও ক্যান্টনমেন্ট বোর্ডসমূহ জন্ম ও মৃত্যু নিবন্ধন ফি বাবদ আদায়কৃত/জমাকৃত অর্থ হতে যথাক্রমে ৫০,০০০/- টাকা, ১৫,০০০/- টাকা, ৫,০০০/- টাকা ও ৫,০০০/- টাকা অথবা জন্ম ও মৃত্যু নিবন্ধন শীর্ষক তহবিলের ২৫%, যা কম হয় সর্বোচ্চ সেই পরিমাণ অর্থ জন্ম নিবন্ধন দিবস পালনের জন্য ব্যয় করতে পারবে। উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভা সমন্বিতভাবে উপজেলা সদরে কর্মসূচী গ্রহণ করতে পারবে।

৩। এমতাবস্থায়, অনুমোদিত অর্থ পৌরসভা ও ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে জেলা প্রশাসক বা উপজেলা নির্বাহী অফিসার এবং অন্যান্য ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক বাজেট অনুমোদনক্রমে আগামী ৩ জুলাই ২০১৪ তারিখে র্যালী, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি কার্যক্রম গ্রহণের মাধ্যমে জন্ম নিবন্ধন দিবস পালনের জন্য অনুরোধ করা হলো।


(আবু তাহের মুহাম্মদ জাব্বার)
উপ-সচিব
ফোন- ৯৫১৪১৯০

কার্যার্থে:

১. বিভাগীয় কমিশনার (সকল)
২. প্রধান নির্বাহী কর্মকর্তা,সিটি কর্পোরেশন (সকল)
৩. জেলা প্রশাসক (সকল)
৪. এক্সিকিউটিভ অফিসার,.....ক্যান্টনমেন্ট বোর্ড (সকল)
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৬. মেয়র,.....পৌরসভা (সকল)
৭. চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ (সকল)।

অনুলিপিঃ

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯০৮-৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০।